

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০  
www.gsb.gov.bd

নম্বর ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৮৯.১৯.৮

তারিখ ২৪ আশ্বিন ১৪২৬

০৯ অক্টোবর ২০১৯

বিজ্ঞপ্তি

বিষয়: জিএসবি'র উত্তম চর্চার তালিকা, ২০১৯-২০।

জিএসবি'র উত্তম চর্চার তালিকা

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০১৯-২০ বাস্তবায়নের অংশ হিসাবে গত ১ অক্টোবর, ২০১৯ মঙ্গলবার জনাব মো. জিল্লুর রহমান চৌধুরী, মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক জিএসবি'র সকল ক্ষেত্রে পালনের জন্য নিম্নবর্ণিত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করা হয়-

- ক) যথাসময়ে অফিসে আসা ও অফিস ত্যাগ করা।
- খ) অফিসে এসি, বৈদ্যুতিক ফ্যান, বাতি ও পানি ব্যবহারে সশ্রয়ী হওয়া।
- গ) নিজ অফিস কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সচেতন হওয়া।
- ঘ) অফিস কক্ষে ধূমপান থেকে বিরত থাকা।
- ঙ) ওয়াসরুমসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।
- চ) সহজে সেবা গ্রহীতাকে সেবা প্রদান করা।
- ছ) সেবা প্রদানের বিষয়ে সেবা গ্রহীতাদের মন্তব্য গ্রহণের সুযোগ করা।
- জ) যথাসময়ে নথি নিষ্পত্তি করা।
- ঝ) গবেষণাগারে ব্যবহৃত বৈজ্ঞানিক যন্ত্রপাতিসমূহ যত্নসহকারে ব্যবহার, পরিষ্কার পরিচ্ছন্ন রাখা ও রক্ষণাবেক্ষণ করা।
- ঞ) জিএসবিতে বিদ্যমান বাংলাদেশের সবচেয়ে বড় ভূবৈজ্ঞানিক তথ্য সম্বলিত লাইব্রেরী যেখানে ছাত্র, শিক্ষক, গবেষক ও অন্যান্য ভূবিজ্ঞানীগণকে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে জ্ঞান চর্চার সুযোগ সৃষ্টি করা।
- ট) অধিদপ্তরের সকল স্তরের ভূবিজ্ঞানী, সংশ্লিষ্ট পেশাজীবীদের নিয়মিত সেমিনার/ওয়ার্কশপের মাধ্যমে হালনাগাদ জ্ঞান লাভ ও ছাত্রদের ভূবিজ্ঞান বিষয়ে প্রশিক্ষণ ও সচেতন করা।

জিএসবি'র সকল কর্মকর্তা ও কর্মচারীদের উপরোক্ত উত্তম চর্চাসমূহের বিষয়ে সচেতন হওয়া, অনুশীলন করা এবং সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।



২-১০-২০১৯

মোঃ জিল্লুর রহমান চৌধুরী  
মহাপরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জিএসবি'র শাখা প্রধানগণ
- ২) নৈতিকতা কমিটি, জিএসবি
- ৩) জিএসবি'র উপশাখা প্রধানগণ
- ৪) জিএসবি'র কর্মকর্তাবৃন্দ
- ৫) জিএসবি'র কর্মচারীবৃন্দ
- ৬) স্টাট মূদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর